উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

তাড়াইল উপজেলা মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা চেয়ারম্যান উপজেলা পরিষদ তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার তারিখ	:	৩১/০৫/২০২২ খ্রি.।
সভার সময়	:	বেলা- ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ গত ১৮/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয় এবং সকলকে কার্যসূচী অনুযায়ী আলোচনা করার আহ্বান জানানো হয়। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দ তাদের স্ব-স্ব বিভাগের কার্যক্রম সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. স্বাস্থ্য বিভাগ-		
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তাড়াইল এর প্রতিনিধি সভায় জানান যে, হাসপাতালের জরুরী বিভাগের সন্মুখের রাস্তাটি হাসপাতালের পিছনে আরেকটির রাস্তার সাথে দেয়াল ভেঙ্গে স্থানীয় লোকজন সংযোগ করেছে। এতে হাসপাতালটি অরক্ষিত অবস্থায় আছে। হাসপাতালের সামনে পুকুরে ভেঙ্গে পড়ে থাকা গাছটি অপসারণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান, আজ ৩১ মে, ২০২২ খ্রি. তারিখ ''তামাক মুক্ত পরিবেশ, সুস্বাস্থ্যের বাংলাদেশ'' প্রতিপাদ্য বিষয়টি সামনে রেখে বিশ্ব তামাক মুক্ত দিবস পালিত হচ্ছে।	১. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হাসপাতালের জরুরী বিভাগের সন্মুখের রাস্তাটির অবস্থা সরেজমিনে দেখে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. বন বিভাগের সাথে সমন্বয় করে গাছ অপসারণের পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল, কিশোরগঞ্জ ২। অফিসার-ইন-চার্জ তাড়াইল থানা ৩। চেয়ারম্যান, তাড়াইল-সাচাইল ইউ.পি, তাড়াইল
২. কৃষি বিভাগ-		
উপজেলা কৃষি অফিসার জানান, রবি/২০২১-২২ মৌসুমে বোরো ধান কর্তন সম্পন্ন হয়েছে। হারভেস্টার মেশিন সরকারি সম্পত্তি যা চুক্তি অনুযায়ী ব্যবহারের নির্দেশনা রয়েছে। তবে ধান কর্তনের মূল্য নির্ধারণ করে দেয়া যেতে পারে। এ উপজেলায় আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রনোদণা কর্মসূচির আওতায় আউশ আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩০ হেঃ। তিনি আরো বলেন, কৃষি আবহাওয়া উন্নয়ন প্রকল্পের আওতায় ওয়েদার স্টেশন স্থাপনের কাজ শুরু করা হয়েছে। সার, বীজ ও কীটনাশক মজুদ সন্তোষজনক।	অন্য মৌসুমের শুরুতে হারভেস্টার মেশিনে ধান কর্তন বাবদ মূল্য নির্ধারণ করে দিতে হবে।	উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ
৩. প্রাণিসম্পদ বিভাগ-		
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, মে/২০২২ মাসে এ বিভাগ হতে সরকারিভাবে ১৯,৭৭৬টি গবাদি পশু ও হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়। টিকা প্রদান সম্প্রসারণ (গবাদি পশু ও হাঁস-মুরগী) সংখ্যা - ২৫,৮০০টি ও কৃত্রিমপ্রজনন সম্প্রসারণ সংখ্যা - ৬২৭টি। তিনি আরো বলেন, দুধ উৎপাদনে স্বয়ং সম্পূর্ণতা অর্জনে খামারী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ

৪. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ-		
আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল জানান যে, এলজিইডি, তাড়াইল, কিশোরগঞ্জ এর সকল উন্নয়ন কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান এলজিইডি, তাড়াইল এর আওতায় কয়েকটি রাস্তার ব্লক উঠিয়ে ফেলা হয়েছে যা বেআইনী। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেয়ার সভায় অনুরোধ জানানো হয়।	১. রাস্তার ব্লক অপসারণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ও ২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল
উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল বলেন যে, উপজেলা পরিষদের বিভিন্ন জরাজীর্ণ ভবনসমূহ মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী জরাজীর্ণ ভবনসমূহ মেরামতের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের নিমিত্ত সভায় অনুরোধ জানান। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহ (পিআইসি) দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	২. উপজেলা পরিষদের বিভিন্ন জরাজীর্ণ ভবনসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৫. শিক্ষা বিভাগ-		
উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল বলেন যে, বিভাগীয় আন্তঃপ্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২২ বিদ্যালয় পর্যায় ও ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন হয়েছে। উক্ত প্রতিযোগিতা আগামী ০৮/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ১৯/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব আন্তঃপ্রাথমিক ফুটবল প্রতিযোগিতায় স্ববান্ধব উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। ২০২১-২০২২ অর্থ বছরে বিদ্যালয়সমূহে বরাদ্দকৃত টাকার কাজ সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। কলুমা সরকারি প্রাথমিক বিদ্যালয়, চরতালজাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ঘোষপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, তাড়াইল এর পুরাতন বিল্ডিং/পরিত্যাক্ত অব্যবহার্য ভবন অপসারনে উপজেলা প্রকৌশলী, তাড়াইল এর সহযোগিতা কামনা করা হয়। এছাড়া দড়িজাহাঙ্গীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি শিশু শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত থাকায় পর্যাপ্ত শ্রেণি কক্ষের বিষয়ে সভাকে অবহিত করা হয়।	বিভাগীয় আন্তঃপ্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২২ এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব আন্তঃপ্রাথমিক ফুটবল প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও সহযোগিতা অব্যাহত রাখতে হবে। সরকারি নির্দেশনানুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ কাজ সম্পন্নকরণসহ সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন বিল্ডিং/পরিত্যেক্ত অব্যবহার্য ভবন অপসারন করতে হবে।	১. উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ ও ২. উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল
৬. মৎস্য বিভাগ-		
উপজেলা মৎস্য অফিসার জানান, এ উপজেলায় রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় মোট ০৬টি বিল নার্সারি স্থাপন হয়েছে। এ সকল বিল নার্সারি থেকে পোনা উৎপাদন সন্তোষজনক। ইতোমধ্যে ১৭টি প্রদর্শনী পুকুর স্থাপন করা হয়েছে এবং ১৫টি প্রদর্শনী পুকুর স্থাপন কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া মৎস্যচাষীদের নিয়মিত পরামর্শ সেবা ও প্রশিক্ষণ কার্যক্রম, মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম এবং নির্বিকারে মৎস্য নিধন ও নিষিদ্ধ জাল ব্যবহার বন্ধে সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে।	বিল নার্সারি স্থাপন এবং প্রদর্শনী পুকুর স্থাপন কার্যক্রমসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম তদারকি করতে হবে।	উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল
৭. পরিবার পরিকল্পনা বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ

৮. যুব উন্নয়ন বিভাগ-

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল
৯. পল্লী উন্নয়ন বিভাগ-		
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। খেলাপী ঋণ আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে।	ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ শতভাগ আদায় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ
১০. সমবায় বিভাগ-		
উপজেলা সমবায় অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। নিহারিকা প্রকল্পের মোকদ্দমার বিষয়ে খোঁজ খবর রাখতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল
১১. প্রকল্প বাস্তবায়ন বিভাগ-		
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল ২০২১-২২ অর্থ বছরে অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর ১ম পর্যায়ের বিল আগামী ০২.০৬.২০২২ খ্রি. তারিখ এবং ২য় পর্যায়ের বিল আগামী ৯-১০.০৬.২০২২ খ্রি. তারিখের মধ্যে বিনা ব্যর্থতায় দাখিল করতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। টি-আর প্রকল্পের ৩য় পর্যায় উপজেলাওয়ারী বিভাজন দেয়া হয়েছে। প্রকল্প তালিকা প্রেরণ করতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।	নির্ধারিত তারিখের মধ্যে প্রকল্পসমূহের বিল দাখিল করতে হবে। টি-আর প্রকল্পের ৩য় পর্যায়ের উপজেলাওয়ারী বিভাজন দেয়া হয়েছে। প্রকল্প তালিকা প্রেরণ করতে হবে।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও ২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ
১২. মহিলা বিষয়ক বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইল
১৩. জনস্বাস্থ্য বিভাগ-		
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, এ উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন ওয়াটসন কমিটি থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। এতে ২০২২-২৩ অর্থ বছরে নতুন বরাদ্দ না পাওয়ার আশঙ্খা তৈরি হয়েছে।	এ বিষয়ে উপজেলা ওয়াটসন কমিটির নির্ধারিত তারিখের সভায় সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত সাইট জমা দিতে হবে।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ
১৪. মাধ্যমিক শিক্ষা বিভাগ-		
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এস,এস,সি পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রস্তুতিমূলক পরীক্ষা চলছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ
১৫. ইন্সট্রাক্টর উপজেলা রির্সোস সেন্টার-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, তাড়াইল
১৬. পল্লী সঞ্চয় ব্যাংক-		
শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প) কার্যক্রমের আওতায় ১৩ কোটি টাকার তহবিল গঠন করা হয়েছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে জানানো হয়।	ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ শতভাগ আদায় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প), তাড়াইল
১৭. উপজেলা সমাজসেবা বিভাগ-		
উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল জানান যে, উপজেলা সমাজসেবা অফিস ভবন খুবই জরাজীর্ণ থাকায় বিগত ১৮/০৪/২০২২ তারিখের উপজেলা মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক সংস্কার জনিত কারণে অফিসটি মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এ অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়। উপজেলা সমাজসেবা অফিসের সন্মখে দুটি গাছ কর্তনের বিষয়ে সভায় সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসের সন্মখে দুটি গাছ কর্তনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। উপজেলা সমাজসেবা অফিসার, ২। উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ

১৭. উপজেলা সমাজসেবা বিভাগ-

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
তিনি আরো বলেন যে, এ উপজেলার ভাতাভোগী প্রতিস্থাপনের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বরাবর প্রেরণ করা হয়েছে।	উপজেলার ভাতাভোগী প্রতিস্থাপনের তালিকা দ্রুত প্রেরণ করতে হবে।	১। উপজেলা সমাজসেবা অফিসার, ও ২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল

১৮. বন বিভাগ-

কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ

১৯. উপজেলা পরিসংখ্যান বিভাগ-

কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ

২০. ইউ সি সি এ-

বিআরডিবি বিল্ডিংটি আরসিসি পিলারের উপর স্থাপিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।	বিআরডিবি বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান ইউ সি সি এ তাড়াইল, কিশোরগঞ্জ

২০. বিবিধ আলোচনা-

ক) চেয়ারম্যান, দামিহা ইউনিয়ন পরিষদ বলেন, উপজেলা পরিষদ হলরুমটির সংস্কার এবং সকল কার্যক্রম ডিজিটালাইজেশন (শব্দ যন্ত্র সহ) করতে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল বলেন, ঈদুল ফিতর আসন্ন। গরু মোটাতাজাকরণ বিষয়ে সতর্ক থাকতে হবে। হারভেস্টার মেশিন ক্রয়-বিক্রয় হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ উপজেলার আনরেজিষ্টার্ড ডাক্তার থাকলে তার তথ্য দিতে সভায় অনুরোধ জানান। সংশ্লিষ্ট হাসপাতাল ও ক্লিনিকের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো বলেন যে, তাড়াইল উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন স্থানে নতুন স্থাপনা নির্মাণ করা যেতে পারে। উপজেলা পরিষদ মসজিদের দোকানগুলোর ভাড়া বৃদ্ধির বিষয়টি সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি, ইউনিয়ন কমিটির সভাগুলো যথাসময়ে অনুষ্ঠানের জন্য সভায় অনুরোধ জানান।	ক) উপজেলা পরিষদ হলরুমটির প্রয়োজনীয় সংস্কারসহ ডিজিটালাইজেশন করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সম্ভাব্য স্থান হতে প্রাপ্ত বরাদ্দ দিয়ে তাড়াইল উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন স্থানে নতুন স্থাপনা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ মসজিদের দোকানগুলোর ভাড়া বৃদ্ধির বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। ইউনিয়ন কমিটির সভাগুলো যথাসময়ে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাড়াইল ২. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ৩. উপজেলা প্রকৌশলী, তাড়াইল ও ৪. ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ

সভাপতি এ উপজেলায় প্রজাতন্ত্রের সকল কর্মচারী এবং জনপ্রতিনিধি সমন্বয় করে কাজ করতে আশাবাদ ব্যক্ত করেন। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা মাসিক সভা, তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২১- ২৪৭(৪৫) তারিখ: ৩১/০৫/২০২২ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৮. উপজেলা..কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য, উপজেলা মাসিক সভা।
০৯. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য উপজেলা মাসিক সভা।
১০. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ